ওয়েবসাইটঃwww.bb.org.bd

**সাসটেইনবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা**

এসএফডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ আগস্ট ২৬, ২০১৮
ভাদ্র ১১, ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রমের**
**অগ্রগতি প্রতিবেদন দাখিলের অভিন্ন ছক (Uniform Format) পরিমার্জন।**

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট হতে জারিকৃত এসএফডি সার্কুলার নং-০১/২০১৮, তারিখঃ জানুয়ারি ১৫, ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। পরিবেশবান্ধব নীতিমালা ও এতদসংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনার (জিবিসিএসআরডি সার্কুলার নং-০৪/২০১৫, এসএফডি সার্কুলার নং-০১/২০১৬, এসএফডি সার্কুলার নং-০২/২০১৬, এসএফডি সার্কুলার নং-০২/২০১৭ ও এসএফডি সার্কুলার নং-০৪/২০১৭) সম্যক পরিপালন, পরিবীক্ষণ, তথ্যসমূহের সংখ্যা ও গুনগত পরিমাপ এবং বিশ্লেষণ করার নিমিত্তে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অন্যান্য বিভাগে দাখিলকৃত তথ্যের সাথে সামঞ্জস্যতা বজায় রেখে বিশদ দুইটি (ব্যাংকের জন্য একটি ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য অপরটি) ফরম্যাট প্রণয়ন করা হয়েছে। উক্ত ফরম্যাটের বিষয়ে আপনাদের মতামতের ভিত্তিতে এবং নির্ভুল তথ্য প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে ফরম্যাট দু'টি পরিমার্জন করা হলো। আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য উল্লিখিত ছকে প্রতিবেদন দাখিলের সময়সীমা প্রতি ত্রৈমাস শেষে ১৫ দিনের পরিবর্তে ৩০ দিন ধার্য করা হলো। এছাড়া প্রতিবেদনের ছক অনুযায়ী 'শহর' ও 'পল্লী' অঞ্চল, বয়সভিত্তিক এবং নারী, পুরুষ ও তৃতীয় লিঙ্গভিত্তিক তথ্যসমূহ সঠিকভাবে প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। অন্যান্য সকল ক্ষেত্রে এসএফডি সার্কুলার নং-০১/২০১৮ এ বর্ণিত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক



(মনোজ কুমার বিশ্বাস)
মহাব্যবস্থাপক
ফোন নং: ৯৫৩০৩২০
ফ্যাক্স নং: ৯৫৩০৩২৪
Email: manoj.biswas@bb.org.bd
gm.gbcsrd@bb.org.bd